তারিখ : 29 AUG 2016
পৃষ্ঠা : ৫ কলাম : ৪

সংবাদ

মৌজেবালি সর. প্রা. বিদ্যালয়

# প্রধান শিক্ষিকার বিরুদ্ধে স্বেচ্ছাচারিতার অভিযোগ

**প্রতিনিধি, নেত্রকোনা**

নেত্রকোনা সদর উপজেলার মৌজেবালি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা নুরজাহান বেগমের বিরুদ্ধে বিদ্যালয় পরিচালনার কাজে অবহেলা, বিদ্যালয়ে স্বেচ্ছাচারিতা এবং অনিয়মিত স্কুলে উপস্থিত থাকার লিখিত অভিযোগ পাওয়া গেছে। বিদ্যালয় পরিচালনা কমিটির অন্যান্য সদস্য এ বিদ্যালয়ের লেখাপড়ার মান উন্নয়নে তাকে এ বিদ্যালয় থেকে প্রত্যাহারের জন্য কর্তৃপক্ষের নিকট দাবি জানালেও তা কার্যকর হচ্ছে না বলে তারা জানিয়েছেন। ফলে বিদ্যালযের লেখাপড়ার পরিবেশও বিনষ্ট হচ্ছে বলে অভিযোগ করা হয়েছে।

গত ২৭ মার্চ নেত্রকোনা সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামরুল হাসান শাহীনের সভাপতিত্বে অনুষ্ঠিত উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির সভায় তার বিরুদ্ধে বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি আবু বকর সিদ্দিক কর্তৃক লিখিত অভিযোগ নিয়ে আলোচনার পর তাকে অন্যত্র বদলীর জন্য জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকেও অবহিত করা হয়। কিন্তু গত ৫ মাসেও কোন পদক্ষেপ গ্রহন না করায় বিদ্যালয়ে লেখাপড়ার পরিবেশ বিঘ্নিত হচ্ছে বলে পরিচালনা কমিটিও অভিভাবকরা জানান। এ ব্যাপারে বিদ্যালয়ের প্রধান শিক্ষিকার সাথে মোবাইলে বার বার যোগাযোগের চেষ্টা করা হলেও তার মোবাইল ফোন বন্ধ থাকায় তার বক্তব্য নেয়া সম্ভব হয়নি।

এ ব্যাপারে অতিরিক্ত জেলা প্রাথমিক কর্মকর্তা অভিযোগের সত্যতা স্বীকার করে বলেন, তার বদলীর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে।